# বঙ্গোপসাগরে গভীর নিম্নচাপ, চার সমুদ্র বন্দরকে সতর্কবার্তা



সংগৃহীত ছবি

পশ্চিমমধ্য বঙ্গোপসাগরে নিম্নচাপটি ঘনীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে উত্তাল সাগরে দমকা বাতাস বইছে। চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৩ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে নির্দেশ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্টি হওয়া নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে বৃহস্পতিবার (২ অক্টোবর) সকালে গভীর নিম্নচাপে রূপ নেয়। আবহাওয়া অধিদপ্তরের বিশেষ বিজ্ঞপ্তি অনুযায়ী, সকাল ৬টার সময় এর অবস্থান ছিল চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে ৮৭৫ কিলোমিটার, কক্সবাজার থেকে ৮৩০ কিলোমিটার, মোংলা থেকে ৭৩৫ কিলোমিটার এবং পায়রা থেকে ৭৪০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে।

নিম্নচাপটির আরও উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা রয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপের তারতম্য তৈরি হয়েছে, ফলে উপকূলীয় এলাকায় দমকা/ঝোড়ো হাওয়া বইতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কিলোমিটার এলাকায় বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৫০ কিলোমিটার, যা দমকা আকারে ৬০ কিলোমিটার পর্যন্ত পৌঁছাতে পারে। গভীর নিম্নচাপ কেন্দ্রের কাছাকাছি সাগর উত্তাল অবস্থায় রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে থাকা মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে নির্দেশ দেওয়া হয়েছে, যাতে প্রয়োজনে দ্রুত নিরাপদ আশ্রয়ে যেতে পারে।